

Class – 1

Subject – 2<sup>nd</sup> Language Bengali

Chapter – আমাদের জাতীয় পতাকা and  
সপ্তাহের সাত দিনের নাম

**আমাদের জাতীয় পতাকা:-**

আমাদের দেশের নাম ভারত। আমাদের দেশের জাতীয় পতাকায় তিনটি রঙ আছে। জাতীয় পতাকার উপরের অংশের রঙ গেরুয়া, মাঝখানের অংশের রঙ সাদা এবং নীচের অংশের রঙ গাঢ় সবুজ। জাতীয় পতাকার মাঝখানের সাদা রঙের মধ্যে একটি গাঢ় নীল রঙের চক্র আছে। এই চক্রটিকে অশোক চক্র বলা হয়।

আমাদের দেশের জাতীয় পতাকার তিনটি রঙের তিনটি বিশেষত্ব আছে। গেরুয়া রঙ – সাহস ও ত্যাগের প্রতীক, সাদা রঙ – সত্য ও শান্তির প্রতীক এবং সবুজ রঙ – বীরত্ব ও বিশ্বাসের প্রতীক। জাতীয় পতাকার মাঝের গাঢ় নীল রঙের অশোক চক্রটি ধর্ম চক্র নামে পরিচিত।

আমাদের দেশের যে কোনো জাতীয় দিনে জাতীয় পতাকা তোলা হয়, যেমন – স্বাধীনতা দিবস, প্রজাতন্ত্র দিবস।

\*\*\*\*\*

**Work Sheet**

**1. এক কথায় উত্তর দাও:-**

I) আমাদের দেশের নাম কী?

Ans: -

II) আমাদের দেশের জাতীয় পতাকায় কয়টি রঙ আছে?

Ans: -

III) আমাদের দেশের জাতীয় পতাকার মাঝের রঙটি কী?

Ans: -

IV) অশোক চক্রটি জাতীয় পতাকার কোথায় থাকে?

Ans: -

V) অশোক চক্রটির রঙ কী?

Ans: -

VI) আমাদের দেশে জাতীয় পতাকা কোন দিন তোলা হয়?

Ans: -

VII) আমাদের দেশের জাতীয় পতাকার তিনটি রঙ কী কী?

Ans: -

VIII) অশোক চক্র কী নামে পরিচিত?

Ans: -

\*\*\*\*\*

## সপ্তাহের সাত দিনের নামঃ-

আজ আমরা শিখব সপ্তাহের সাতটি দিনের বা সাতটি বারের নাম।

একটি সপ্তাহে সাতটি দিন হয়।

সপ্তাহের প্রথম দিন রবিবার।

সপ্তাহের দ্বিতীয় দিন সোমবার।

সপ্তাহের তৃতীয় দিন মঙ্গলবার।

সপ্তাহের চতুর্থ দিন বুধবার।

সপ্তাহের পঞ্চম দিন বৃহস্পতিবার।

সপ্তাহের ষষ্ঠ দিন শুক্রবার।

সপ্তাহের সপ্তম দিন শনিবার।

সপ্তাহের প্রথম দিন রবিবারকে আমরা ছুটির দিন হিসাবে পালন করি।

\*\*\*\*\*

## Work Sheet

1. একটি সপ্তাহে কয়টি দিন হয়?

Ans: -

2. সপ্তাহের কোন দিন বা বারকে আমরা ছুটির দিন হিসাবে পালন করি?

Ans: -

3. কোন দিনটি সপ্তাহের শেষ দিন?

Ans: -

4. সপ্তাহের সাতটি দিনের নাম লেখো:-

Ans: -

\*\*\*\*\*